**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে নিউ ইয়র্ক সিটির বিজয়ী অঞ্চল হিসেবে পূর্ব হারলেম 10 মিলিয়ন ডলার অর্জন করছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ***

***পূর্ব হারলেমকে পুনরুজ্জীবিত করতে অধিবাসী, কমিউনিটি নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাদের সাথে স্টেট একসঙ্গে কাজ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) ষষ্ঠ রাউন্ডে নিউ ইয়র্ক সিটির বিজয়ী অঞ্চল হিসেবে পূর্ব হারলেম 10 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে। প্রতিটি স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের অঞ্চলের প্রতিটিকে ষষ্ঠ রাউন্ডে 10 মিলিয়ন ডলার করে প্রদান করা হবে, অর্থাৎ মোট 100 মিলিয়ন ডলার স্টেট অনুদান যাতে শহরতলীগুলিকে প্রাণবন্ত এলাকায় রূপান্তর করার মাধ্যমে কমিউনিটিগুলি অর্থনীতিতে উন্নত হওয়ার সাহায্য লাভ করে।

"পূর্ব হারলেমের সমৃদ্ধ সংস্কৃতি নিউ ইয়র্ক সিটির কাহিনীর একটি বড় অংশ," **বলেন গভর্নর হোকল।** "এই 10 মিলিয়ন ডলার বিনিয়োগের মধ্য দিয়ে, আমরা শহরতলীর নিজ এলাকার মধ্যেই আগামী প্রজন্মের জন্য এই কমিউনিটিকে তাদের ঐতিহ্য ধরে রাখতে এবং অর্থনীতি চাঙ্গা করতে সাহায্য করতে পারি। পূর্ব হারলেম তার প্রাণবন্ত কাহিনীর পরবর্তী অধ্যায়টি কীভাবে লিখতে তা দেখার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

DRI ডাউনটাউনের এলাকাগুলিকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং ব্যবসা, কর্মসংস্থান, ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে একটি প্রাণবন্ত কার্যকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতির একটি উপকরণ হিসেবে কাজ করছে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ, কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট দপ্তর (Department of State) তারপর পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার জন্য এবং কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ

দেওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোয় DRI তহবিলের অনুদান দেবে।

## **পূর্ব হারলেম**

স্প্যানিশ হারলেম হিসাবেও পরিচিত পূর্ব হারলেম হল স্যান জুয়ান পুয়ের্তো রিকোর পরে বিশ্বের সবচেয়ে বড় পুয়ের্তো রিকান। এলাকাটি ব্যস্তবাগীশ রাস্তা এবং স্থানীয় ব্যবসা, প্রাণবন্ত শিল্প ও ম্যুরাল, যত্ন নিয়ে তৈরি করা কমিউনিটির বাগান এবং নিজেদের সমর্থন এবং নিজের ঘরবাড়ি সংরক্ষণের জন্য একটি নিবেদিত কমিউনিটির জন্য পরিচিত। কমিউনিটিটি সামাজিক সুবিচার লাভের আন্দোলনে নিজের উত্তরাধিকার ধরে রাখার পাশাপাশি, তার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য বজায় রাখার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ।

পূর্ব হারলেমের ভিশনের মধ্যে রয়েছে এলাকাটিকে একটি ট্রানজিট কেন্দ্রে এবং এল ব্যারিওতে যাওয়ার গেটওয়ে হিসাবে রূপান্তরিত করা, যা উপস্থিত অর্থনৈতিক কার্যকলাপের উপর গড়ে উঠেছে এবং ভবিষ্যতের অর্থনীতি চালনা করে এবং কমিউনিটিতে কর্মনিয়োগ বৃদ্ধি বাড়ায়। সেকেন্ড এভিনিউ সাবওয়ে (Second Avenue Subway) এবং পার্ক এভিনিউ ভায়াডাক্ট (Park Avenue Viaduct) প্রতিস্থাপন প্রকল্প এগোনোর সময়, পূর্ব হারলেমে নিরাপদ রাস্তা, সবুজ এবং কার্যকর প্রকাশ্য চত্বর, ইন্টারমডেল সংযোগ এবং স্থানীয় খুচরো দোকান তৈরি করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এই বিনিয়োগগুলি কমিউনিটির স্বাস্থ্য, স্বচ্ছ বাতাস এবং সাইডওয়াক ও সাংস্কৃতিক যত্নশীলতা ও পথ অনুসন্ধানের সমর্থনকারী প্রকল্পগুলির সমান্তরালে চলবে যা নিশ্চিত করবে এল ব্যারিওর ইতিহাস এবং ভবিষ্যত সেই এলাকাটির পরিবর্তনকে লক্ষ্য রেখে মজবুত করা হয়েছে।

নিউ ইয়র্ক সিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (New York City Regional Economic Development Council) সমগ্র অঞ্চল জুড়ে কমিউনিটিগুলির কাছ থেকে জমা দেওয়া প্রস্তাবগুলির একটি পুঙ্খানুপুঙ্খ এবং প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়ার আয়োজন করেছিল এবং পূর্ব হারলেমকে মনোনীত করার আগে নিচে দেওয়া মানদণ্ড বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত;
- ডাউনটাউনটিকে আগাম মূলধন হিসাবে বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগের অনুঘটক হিসাবে কাজে লাগানো যেতে পারে;
- ডাউনটাউনের মধ্যে অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ আছে, যা কর্মীদের আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি;
- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করেছে অথবা তা করার সক্ষমতা আছে;

- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি খোলামেলা ও শক্তিশালী কমিউনিটির অন্তর্ভুক্তি প্রক্রিয়ার ব্যবস্থা করেছে;
- মিউনিসিপ্যালিটির কাছে DRI প্রক্রিয়া সামলানোর স্থানীয় সক্ষমতা আছে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

পূর্ব হারলেম তার ডাউনটাউনের এলাকাগুলো পুনরুজ্জীবিতকরণ এবং স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়ায় দীর্ঘ-মেয়াদী সমৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরির উদ্দেশ্যে 10 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাওয়ার অধিকারী হয়েছে। পূর্ব হারলেম এখন জ্যামাইকা, ব্রঙ্কস, ডাউনটাউন ব্রুকলিন ও স্ট্যাটেন আইল্যান্ড ও চায়নাটাউনের সাথে যোগ হচ্ছে, যারা যথাক্রমে DRI রাউন্ডে নিউ ইয়র্ক সিটি অঞ্চলের প্রথম পাঁচটি বিজয়ী হয়েছিল।

পূর্ব হারলেম এখন 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে তার ডাউনটাউন পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দেবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলি 2023 সালে সম্পন্ন হবে।

**সেক্রেটার অফ স্টেট রবার্ট জে. রড্রিগজ বলেন,** "পূর্ব হারলেম, আমার প্রিয় (mi querido) এল ব্যারিও, নিউ ইয়র্ক সিটির অন্যতম একটি প্রাণবন্ত এলাকা যা সমৃদ্ধ ইতিহাস, সংস্কৃতি এবং মজবুত লাতিন ও আফ্রিকান আমেরিকান পরিচিতিতে ভরপুর। টিটো পুয়েনতো আর ল্যাংস্টোন হুগোস বা মেয়র লাগার্ডিয়ার জন্মস্থান হোক কিংবা ইয়ং লর্ডসের সক্রিয়তা অথবা মিউজিয়াম মাইলের উপরের জাদুঘর, পূর্ব হারলেম সবসময়ই নিউ ইয়র্ক সিটিতে প্রাণচঞ্চলতা আর বৈচিত্র্য নিয়ে আসে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে অর্থের সংস্থান করার ফলে এই সব কছুর প্রদর্শন অব্যাহত রাখতে সাহায্য হবে যা সত্যিই তুলে ধরা উচিত, যা এল ব্যারিওর জীবন সম্বন্ধে জানতে স্টেটের বিভিন্ন প্রান্ত থেকে পর্যটকদের আকৃষ্ট করবে, পাশাপাশি এই আইকনিক এলাকাটি তার ঐতিহাসিক উত্তরাধিকার ধরে রাখবে এবং এটির গুরুত্বপূর্ণ দ্বারটিকে রূপান্তরিত করে উপস্থিত আবাসিকদের জীবনযাত্রার মান উন্নত করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের

মাধ্যমে করা বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা এলাকাগুলোয় নতুন জীবন যেমন আনছে, তেমনই আমাদের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে। পূর্ব হারলেমের একজন স্থানীয় বাসিন্দা হিসাবে, এই প্রাণবন্ত কমিউনিটির আমূল উন্নতিতে এই অর্থায়ন যে কী প্রভাব ফেলবে তা আমি জানি। পূর্ব হারলেমকে পুনরুজ্জীবিত করে, আমরা অর্থনৈতিক কার্যকলাপের একটি গতিশীল কেন্দ্র তৈরি করছি যা শুধু বিকাশোন্মুখই নয়, সাথে আবাসিক এবং ব্যবসা উভয়ের জন্যই একইভাবে নতুন সুযোগ নিয়ে আসে।"

**নিউ ইয়র্ক স্টেটের গৃহ ও কমিউনিটি নবায়ন (New York State Homes and Community Renewal) কমিশনার রূথঅ্যান ভিসনাউকাস বলেন,** "পূর্ব হারলেম হল আমাদের স্টেটের প্রাণবন্ত এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ কমিউনিটিগুলির মধ্যে অন্যতম একটি এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মধ্য দিয়ে ক্রমাগত বিনিয়োগ এই এলাকার চলমান রূপান্তরে প্রেরণা দেয়। সাম্প্রতিক 10 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান একটি সামগ্রিক কৌশলেরই অংশ, যা পূর্ব হারলেমের অনন্য প্রয়োজনীয়তা পূরণে স্থানীয় সম্পদ উন্নত করে, এবং গুরুত্বপূর্ণভাবে, গভর্নর হোকলের নতুন আবাসন কমপ্যাক্ট-এর প্রস্তাবের পরিপূরক যা সাশ্রয়ী আবাসন সরবরাহ বাড়াবে এবং আরও নিরাপদ, প্রাণবন্ত কমিউনিটিগুলি গড়ে তুলবে।"

**প্রতিনিধি আড্রিয়ানো এসপিলিয়ট বলেন**, "আমি নিউ ইয়র্কের অন্যতম প্রভাবশালী এলাকা এবং কমিউনিটির কয়েকটি পুনরুজ্জীবিত করার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকার বজায় রাখার জন্য তাঁকে বাহবা জানাই। এল ব্যারিও নিউ ইয়র্কের সাংস্কৃতিক পরিচয়ে একটি লক্ষ্যণীয় ভূমিকা পালন করেছে এবং এমন অনেকের মনেই বিশেষ জায়গা নিয়ে আছে যারা এই এলাকাটিকে নিজের ঘর বলে। পূর্ব হারলেম ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ থেকে 10 মিলিয়ন ডলার পাওয়ার জন্য নির্বাচিত হওয়ায় আমি কৃতজ্ঞ এবং কমিউনিটি জোড়দার করতে এবং অর্থনৈতিক বিকাশে, এলাকায় কর্মনিয়োগ বৃদ্ধি বাড়াতে, সবুজ উদ্যান এবং কার্যকর প্রকাশ্য চত্বর তৈরি করতে এবং অঞ্চলটি জুড়ে মুক্ত বাতাস ও কমিউনিটির স্বাস্থ্যের সমর্থনে কীভাবে এই তহবিল ব্যবহার করা হয় তা দেখার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

**পরিসদীয়সদস্য এডি গিবস বলেন,** "আমি DRI তহবিল পাওয়ার ব্যাপারে পূর্ব হারলেমকে বেছে নেওয়ার জন্য গভর্নর হোকলকে এবং নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (New York City Regional Economic Development Council)-কে সাধুবাদ জানাই। 125th স্ট্রিটে বাড়ানোর জন্য নির্ধারিত সেকেন্ড এভিনিউ সাবওয়ের মতো বড় প্রকল্পগুলির সাথে, এই তহবিল আমাদের সংস্কৃতি ধরে রাখতে এবং আমাদের কমিউনিটিকে সমৃদ্ধ হতে সাহায্য করবে।"

**ম্যানহাটন বরো প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন**, "ডাউনটাউন পুনরজ্জীবিতকরণ উদ্যোগের তহবিল পূর্ব হারলেমের জন্য একটি দারুণ সুখবর এবং সামগ্রিক অঞ্চলটির অর্থনৈতিক শক্তির জন্য এলাকাটি কতটা গুরুত্বপূর্ণ তার প্রতিফলন। আমরা এই তহবিলের আবেদন করেছিলাম কারণ আমরা জানতাম এই বিনিয়োগ সমৃদ্ধ সংস্কৃতি, সমাজ ও অর্থনৈতিক কাঠামোয় বিনিয়োগ করার একটি রূপান্তরমূলক সুযোগ এনে দেয় যার ফলে পূর্ব হারলেম আমাদের বরোর একটি অনন্য এবং প্রাণবন্ত অংশ হয়ে ওঠে। আমি গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের অংশীদারীত্বের জন্য তাদের কাছে কৃতজ্ঞ এবং স্থানীয় স্টেকহোল্ডার ও প্রতিবেশীদের সঙ্গে এই

অর্থ পাওয়ার কয়েক সপ্তাহ থেকে কয়েক মাসের মধ্যে কাজ করার জন্য উদগ্রীব হয়ে আছি যাতে সেগুলি সবচেয়ে কার্যকরভাবে কাজে লাগানো যায়।"

**আপটাউন গ্রান্ড সেন্ট্রালের বোর্ড সভাপতি ডায়না কলিয়ার বলেন,** "এটা পূর্ব হারলেমের কাছে একটা অস্কার প্রাপ্তির মুহূর্ত। অর্থনৈতিক উন্নয়ন বাস্তবায়ন করে তুলতে এবং আমাদের কমিউনিটির বাস্তবিক বিকাশ ঘটাতে আমাদের এলাকায় 10 মিলিয়ন ডলার প্রতিশ্রুতি দেওয়ার জন্য গভর্নরের কাছে আমরা কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি, ফিশার ব্রাদার্স (Fisher Brothers)-এর অংশীদার উইনস্টন ফিশার, এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের মাধ্যমে অধিবাসী ও দর্শনার্থীদের জন্য সমানভাবে পূর্ব হারলেমের রূপান্তরে সহায়তা করতে পেরে NYCREDC গর্বিত। একটি বিকাশমান ডাউনটাউন শুধুমাত্র একটি এলাকার হৃদয়ই নয়, সাথে এটি বাণিজ্য, সংস্কৃতি এবং কমিউনিটির কেন্দ্রবিন্দু হিসাবেও কাজ করে। পূর্ব হারলেমের পুনরুজ্জীবনে বিনিয়োগ কমিউনিটিটির অর্থনৈতিক স্বচ্ছলতার পাশাপাশি তার সামাজিক সমৃদ্ধিতে করা বিনিয়োগও বোঝায়।"

**<u>ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে</u>**

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি বিনিয়োগের কার্যকলাপ ও অনুঘটক হিসেবে ভূমিকা রাখার জন্য স্টেটের দশটি অঞ্চলের সবকটির ডাউনটাউন ও এলাকাকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। স্টেট বিভাগের নেতৃত্বে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট , হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority) সহায়তায়, DRI একটি নজিরবিহীন এবং উদ্ভাবনী "পরিকল্পনা করুন-তারপর-কাজ করুন" কৌশলের উপস্থাপনা করেন যা কৌশলী পরিকল্পনাকে যুক্ত করে অবিলম্বে বাস্তবায়নের সাথে এবং এর ফলে সৃষ্টি হয় গোছানো, হাঁটার উপযুক্ত ডাউনটাউন যা নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতিকে পুনর্গঠন করতে সাহায্য করার একটি মুখ্য উপকরণ, এবং সেই সাথে গণপরিবন ব্যবহার এবং বেসরকারি যানের উপর নির্ভরশীলতা হ্রাস করার প্রচার করার মাধ্যমে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করে।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি

বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418